

## মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫১২

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামত নিকটবর্তী হওয়া এবং যে ব্যক্তি মৃত্যুবরণ করল তখন হতেই তার কিয়ামত সংঘটিত হয়ে গেল।

الفصل الأول (بَابُ قُرْبِ السَّاعَةِ وَأَنَّ مَنْ مَاتَ فَقَدْ قَامَتْ قِيَامَتُه)

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رِجَالٌ مِنَ الْأَعْرَابِ يَأْتُونَ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَيَسْأَلُونَهُ عَنِ السَّاعَةِ فَكَانَ يَنْظُرُ إِلَى أَصْغَرِهِمْ فَيَقُولُ: «إِنْ يَعِشْ هَذَا لَا يُدْرِكُهُ الْهَرَمُ حَتَّى تَقُومَ عَلَيْكُمْ سَاعَتُكُمْ». مُتَّفَقُ عَلَيْهِ

متفق عليه ، رواه البخارى (6511) و مسلم (2952 / 136) - (7409) (مُتَّفَقُ عَلَيْهِ)

বাংলা

৫৫১২-[৪] 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, অনেক বেদুইন লোকই নবী (সা.) -এর নিকট এসে প্রশ্ন করত, কিয়ামত কখন হবে? তখন তিনি (সা.) তাদের মধ্যে সর্বকনিষ্ঠের প্রতি দৃষ্টি দিয়ে বলতেন, এই বালকটি যদি জীবিত থাকে, তবে বৃন্দ হওয়ার আগেই তোমাদের ওপর কিয়ামত ঘটে যাবে। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহঃ বুখারী ৬৫১১, মুসলিম ১৩৬-(২৯৫২), সহীভুল জামি' ১৪৪৩, সিলসিলাতুস সহীহাহ ৩৪৯৭, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ ৩৭৫৫৯, মুসনাদে আবদ ইবনু হুমায়দ ১২৯৬, মুসনাদে বায়বার ৬৭৭২, মুসনাদে আহমাদ ১৩৪১০, আবু ইয়া'লা ২৭৫৮, সহীহ ইবনু হিব্রান ৫৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: رَأَسْلَوْنَهُ عَنِ السَّاعَةِ (بِسْأَلُونَهُ عَنِ السَّاعَةِ) -এর নিকট প্রত্যন্ত অঞ্চল থেকে লোকজন এসে কিয়ামত সম্পর্কে জিজেস করত। একদিন নবী (সা.) তাদের মধ্যে বয়সে সবচেয়ে ছোট ব্যক্তিকে লক্ষ্য করে বললেন, এই ব্যক্তি যদি বেঁচে থাকে, তার বার্ধক্যকাল পৌছার আগেই তোমাদের ওপর কিয়ামত প্রতিষ্ঠিত হবে। তথা কিয়ামত সুগরা বা ছোট কিয়ামত হবে। এর অর্থ হচ্ছে রাসূল (সা.) -এর এই বক্তব্যের ১০০ বছর উপস্থিত সকলের মৃত্যু হবে অথবা অধিকাংশের মৃত্যু হবে। (মিরকাতুল মাফাতীহ; ফাতহল বারী ১১শ খণ্ড, হা, ৬৫১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশার: হাদিস একাডেমি □ বর্ণনাকারী: আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রা:)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85490>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন